

**Model Questions**  
**Award: BA (Prog)**  
**Discipline: BENGALI**  
**Course Type: CC (Program)**  
**Course Code: BAPBNGC301**  
**Course Name: Madhyayuger Bangla Padavali**

**প্রশ্ন-মান: ১**

- ১) ‘পদাবলী’ শব্দটি কোন কাব্যে প্রথম ব্যবহৃত হয়?
- ২) কোন বৈষ্ণব কবি ‘দ্বিতীয় বিদ্যাপতি’ নামে পরিচিত?
- ৩) ‘আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ’ পদটির রচয়িতার নাম লেখো।
- ৪) চণ্ডীদাস কোন দেবীর ভক্ত ছিলেন?
- ৫) “কি আছে তব অন্তরে, না পারি বুঝিতে”—কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?
- ৬) “খলের প্রধান যত, কে আছে তোমার মত”—বক্তা কে? তিনি কাকে খল বলেছেন?
- ৭) ‘মা আমায় ঘুরাবে কত’ পদটি কোন পর্যায়ের?
- ৮) রামপ্রসাদ সেন কার থেকে ‘কবিরঞ্জন’ উপাধি লাভ করেছিলেন?
- ৯) কোন শতাব্দী বৈষ্ণবপদাবলি সাহিত্যের সুবর্ণযুগ হিসেবে চিহ্নিত?
- ১০) কোন বৈষ্ণব কবি ‘মৈথিলী কোকিল’ নামে পরিচিত?
- ১১) ‘কান্ত পাহন’—‘পাহন’ শব্দের অর্থ কী?
- ১২) ‘যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি’ পদটিতে কার পূর্বরাগের কথা আছে?
- ১৩) ‘গিরি এবার আমার উমা এলে’ পদটির রচয়িতা কে?
- ১৪) ‘কেন এলেন না তোমার দিদি জানে’—কার না আসার কথা এখানে বলা হয়েছে?
- ১৫) ‘নবমীর নিশা শেষে গিরীশের রাণী’—‘গিরীশের রাণী’ বলতে কাকে বোঝানো হয়েছে?

**প্রশ্ন-মান: ২**

- ১) ‘কি পেখলুঁ নটবর গৌর কিশোর’—‘পেখলুঁ’ শব্দের অর্থ লেখো। ‘গৌর কিশোর’ বলতে কালে বোঝানো হয়েছে?
- ২) ‘হাত বাঢ়াইল চাঁদে’—সংক্ষেপে একথাটির গভীরতা ব্যাখ্যা করো।
- ৩) “তোহে জনমি’ পুন,/ তোহে সমাওত,/ সাগর-লহরী সমানা”—উদ্ধৃতাংশটি সরলভাবে বুঝিয়ে দাও।
- ৪) ‘মথুরা নগরে ছিলে ত ভাল’—কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?
- ৫) ‘কহিছে শিখরী, কি করি অচল’—‘শিখরী’ ও ‘অচল’ বলতে কাদের বোঝানো হয়েছে?
- ৬) “ঐশ্বর্য আছে যাঁর, ভিক্ষা কি জীবিকা তাঁর?”—‘ঐশ্বর্য’র পরিচয় দাও।
- ৭) “আমি সেই অবধি, সরমে মরমে আছি মনোভঙ্গে”—কোন ‘অবধি’?
- ৮) “যেমন চিত্রের পদ্মেতে পড়ে ভ্রমর ভুলে র’লো”—বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- ৯) ‘দেখি ব্রহ্মাণ্ডেরই এই রীতি মা’—সাধক-কবি কোন রীতির কথা এখানে বলতে চেয়েছেন?

- ১০) ‘অভিনব হেম/কল্পতরু সঞ্চরু/সুরধুনী-তীরে উজোর’—কাকে, কেন ‘হেম কল্পতরু’ বলা হয়েছে?
- ১১) ‘মন উচাটন/নিশ্বাস সঘন/কদম্ব-কাননে চায়’—সরলার্থ লেখো।
- ১২) ‘রূপ লাগি আঁখি ঝুরে’ পদটি কার লেখা, কোন পর্যায়ের পদ?
- ১৩) ‘হাথক দরপন মাথক ফুল’ পদটিতে রাধা অত্যাবশ্যকতা বোঝাতে কৃষ্ণকে কোন কোন নিত্যপ্রয়োজনীয় বস্তুর সাথে তুলনা করেছে?
- ১৪) ‘পিতৃদোষে মেয়ে পাষাণী হলো’—বক্তব্যটির তাৎপর্য লেখো।
- ১৫) ‘সত্য বটে সুরধুনী, অগ্রজা সমান মানি’—‘সুরধুনী’ কে? তাকে কে অগ্রজা সমান মান্য করে?
- ১৬) ‘যেমন চিত্রের পদ্মেতে পড়ে ভ্রমর ভুলে র’লো’—বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- ১৭) ‘ভবের আশা খেলব পাশা’ পদটির প্রথম চরণ দু’টি লেখো।

### প্রশ্ন-মান: ৫

- ১) ‘যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি’ পদটির বিশেষত্ব আলোচনা করো।
- ২) “ইথে যদি সুন্দরি তেজবি গেহ।/ প্রেমক লাগি উপেখবি দেহ।।” —সপ্রসঙ্গ তাৎপর্য বিশ্লেষণ করো।
- ৩) ‘গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না’ পদটিতে কীভাবে সেই সময়ের সমাজ বাস্তব রূপ পেয়েছে তা আলোচনা করো।
- ৪) ‘আমি কি হেরিলাম নিশি-স্বপনে’—পদটিতে যে আধ্যাত্মিক ব্যঞ্জনা রয়েছে তা স্পষ্ট করো।
- ৫) ‘ভবের আশা খেলব পাশা’ পদটিতে কবির বন্ধ সাধন-জীবনের যে পরিচয় রয়েছে তা নিজের ভাষায় লেখো।
- ৬) ‘বহুদিন পরে বঁধুয়া এলে’ পদটিতে রাধার ভাবোন্মাদের প্রকাশ-স্বাতন্ত্র্য বুঝিয়ে দাও।
- ৭) ‘আজু হাম কি পেখলু’ পদটিতে শ্রীচৈতন্যের যে ভাবমূর্তি ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও।
- ৮) তোমাদের পাঠ্য পদটি অবলম্বনে ‘প্রার্থনা’ পর্যায়ের স্বরূপ বুঝিয়ে দাও।
- ৯) ‘বিজয়ার সূচনা নবমী নিশীথে’—মন্তব্যটির সার্থকতা বিচার করো।
- ১০) ‘আমি কি হেরিলাম নিশি-স্বপনে’—পদটির ভাববস্তু আলোচনা করো।

### প্রশ্ন-মান: ১০

- ১) বৈষ্ণব রসসাহিত্য অনুযায়ী গৌরচন্দ্রিকার সংজ্ঞা দাও। পাঠ্যপদ অবলম্বনে এর স্বরূপ বিশ্লেষণ করো।
- ২) তোমাদের পাঠ্য বিদ্যাপতি রচিত যেকোনো দু’টি পদের ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।
- ৩) তোমাদের পাঠ্য বিজয়া পর্যায়ের পদ দুটিতে মাতৃহৃদয়ের বেদনার যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।
- ৪) পাঠ্যপদ অবলম্বনে ‘অভিসার’ পর্যায়ে গোবিন্দদাসের কবি-প্রতিভার নৈপুণ্য বিচার করো।

৫) শাক্তপদাবলিতে যে বাৎসল্য-প্রতিবাৎসল্যের চিত্র রয়েছে পাঠ্যপদ অবলম্বনে তা স্পষ্ট করো।

৬) 'ভক্তের আকুতি' পর্যায়ে রামপ্রসাদের কবি-প্রতিভার মূল্যায়ন করো।